

2022

ELECTIVE BENGALI

Full Marks : 100

Pass Marks : 33

Time : Three hours

All questions are compulsory.

Question Nos. 1, 2, 3 and 4 are Multiple Choice Type. Answers these questions by choosing the correct or best one from the given alternatives.

- ১। ‘আমরা তো জানি, স্বরাজ আনিতে পোড়া বাতর্কু এনেছি খাস।’ ১
– ‘বাতর্কু’ শব্দের অর্থ হল –
- (ক) আলু।
(খ) বেগুন।
(গ) বাতাবী লেবু।
- ২। ‘চিরকাল মনুষ্য অত্যাচার পীড়িত’ – ‘ভালবাসার অত্যাচার’ প্রবন্ধে কত প্রকার অত্যাচারের উল্লেখ করা হয়েছে? ১
- (ক) তিন প্রকার।
(খ) চার প্রকার।
(গ) পাঁচ প্রকার।

P.T.O.

- ৩। ত্রিপুরার মহারাজার নাম – ১
- (ক) অমরমাণিক্য।
- (খ) চন্দ্রমাণিক্য।
- (গ) কল্যাণমাণিক্য।
- ৪। ‘মেজদিদি’ উপন্যাসে কয়টি পরিচ্ছেদ আছে ? ১
- (ক) ছয়টি।
- (খ) সাতটি।
- (গ) আটটি।
- ৫। ‘বাজাএ সুসর বাঁশী নান্দের নন্দন’ – ‘নান্দের নন্দন’ কে ? ১
- ৬। ‘সতত তোমার কথা ভাবি এ বিরলে;’ – কবি সর্বদা কার কথা ভাবেন ? ১
- ৭। বাতাসে কোন গ্যাসের পরিমাণ বেশি – অক্সিজেন না নাইট্রোজেন ? ১
- ৮। ‘যে গোখরো-সাপটা আজ সকালে ন্যাপলাকে কামড়েছিল।’ – ন্যাপলা কার ছেলে ? ১
- ৯। ‘এ ঘরটা তো সহজ তামাশার ঘর না, এখানকার তামাশা যে ভয়ঙ্কর খারালো তামাশা’ – কোন ঘরের কথা বলা হয়েছে ? ১
- ১০। কেপ্টর বৈমাত্রের দিদির নাম কী ছিল ? ১
- ১১। শব্দের অর্থরূপের আশ্রয়ে যে সমস্ত অলঙ্কারের সৃষ্টি হয় সেগুলিকে কী অলঙ্কার বলে ? ১
- ১২। ‘কন্যা দেখি দ্বিজ কিবা হইল অজ্ঞান’ – ‘কন্যা এবং দ্বিজ’ বলতে কাদের বোঝানো হয়েছে ? ২
- ১৩। ‘গোঁড়া-রাম ভাবে নাস্তিক আমি, পাতি-রাম ভাবে কনফুসি।’ – কনফুসিরা কার প্রবর্তিত ধর্মমতের অনুসারী ? কোন দেশে এই ধর্মীয় মতবাদের উদ্ভব হয়েছিল ? ২
- ১৪। ‘কে হয় হৃদয় খুঁড়ে বেদনা জাগাতে ভালোবাসে’ – কে কার উদ্দেশ্যে উক্তিটি করেছেন ? ২

- ১৫। ‘কিন্তু জ্ঞানেরও অত্যাচার আছে। তাহার উদাহরণ, হিতবাদ এবং প্রত্যক্ষবাদ।’ – হিতবাদের প্রবর্তক কে? এই নীতিকে ইংরেজিতে কী বলা হয়? ২
- ১৬। ‘আমরা মাধ্যাকর্ষণ, কৈশিকাকর্ষণ এবং বহুবিধ আকর্ষণ বিকর্ষণের দ্বারা পীড়িত মর্ত মানুষ।’ – ‘মাধ্যাকর্ষণ’ শক্তি কী? ২
- ১৭। ‘একে ধরবার জন্যে চারিদিকে ফোটো পাঠিয়ে ছলিয়া বার করা হয়েছে।’ – উক্তিটি কার? কাকে ধরবার জন্যে ছলিয়া বার করা হয়েছিল? ২
- ১৮। ‘মেজবউরাণী তামাশা করে আমাকে এখানে বন্ধ করে রেখেছিলেন!’ – মেজবউরাণী কাকে কোথায় বন্ধ করে রেখেছিলেন? ২
- ১৯। ‘সে উপহারে আমার প্রয়োজন নেই, মহারাজের মাথার মুকুট আমাকে দিতে হবে।’ – কে কাকে তার মাথার মুকুট দিতে বলেছেন? ২
- ২০। ‘তোমার মত নিষ্ঠুর, তোমার মত বেহায়া মেয়েমানুষ আর সংসারে নেই।’ – কে কাকে বেহায়া মেয়েমানুষ বলেছেন? ২
- ২১। ‘আমি কাল সকালেই পূজা দিয়ে তোমাকে প্রসাদ এনে দেব। সে খেলে তক্ষুণি অসুখ সেরে যাবে।’ – মেজদিদির অসুখ ভালো হবার জন্যে কেউ কোন ঠাকুরের কাছে পূজা দেবার কথা বলেছিল? এই ঠাকুরের মন্দির কোথায় ছিল? ২
- ২২। বাংলা ছন্দে অক্ষর কয় প্রকার ও কী কী? ২
- ২৩। অনুপ্রাস অলঙ্কারের সংজ্ঞা লেখ। ২
- ২৪। ‘দুঃখ-শ্রোতোরূপী তুমি জগদ্ভূমি-স্তনে।’ পংক্তিটি বিশ্লেষণ কর। ৩
- ২৫। ‘ঐ যে সঙ্গে ওর মামাতো ভাই ধুরন্ধরটিও আছেন – শনির সঙ্গে মঙ্গল এসে জুটেছেন।’ – এই দু’জনকে শনি ও মঙ্গল বলার কারণ কী? ৩
- ২৬। ‘মহারাজ, আমার একটি নিবেদন আছে। খেলার পরীক্ষা তো চূকেছে, এবার কাজের পরীক্ষা হোক।’ – কে এই কথা বলেছেন? কাজের পরীক্ষা বলতে বক্তা কী বুঝিয়েছেন? ৩
- ২৭। ‘ভাই বলে না নাও, দুঃখী অনাথ বামুনের ছেলে বলেও বাড়ির কোণে একটু ঠাই দাও দিদি।’ – কে কাকে এই কথাগুলো বলেছে? প্রসঙ্গটি উল্লেখ কর। ৩

- ২৮। 'এমন কি, কাদম্বিনী পর্যন্ত স্বীকার করিলেন, হাঁ মার খাইতে শিখিয়াছিল বটে।' – কে কাকে কেন নির্দয়ভাবে প্রহার করেছিলেন ? ৩
- ২৯। রূপক অলঙ্কারের সংজ্ঞা লেখ ও উদাহরণ দাও । ৩
- ৩০। স্বরবৃত্ত বা শ্বাসাঘাত প্রধান ছন্দে প্রতি অক্ষর কয় মাত্রা গণনা করা হয় ? প্রতি পূর্ণ পর্ব কয় মাত্রার হয় ? এই ছন্দের লয় কী ? ৩
- ৩১। 'স্নেহের যথার্থ স্বরূপই অস্বার্থপরতা।' – উক্তিটি সংক্ষেপে বিশ্লেষণ কর । ৪
- ৩২। 'একটু দূরে একটি বৃক্ষতলে বসিয়া জনৈক ব্যক্তি খানিকটা ছাতু খাইতেছিল । ভিড়ে যোগদান করে নাই । লোকটির চেহারা অদ্ভুত ।' – লোকটি কে ? তার অদ্ভুত চেহারার বিবরণ দাও । ৪
- ৩৩। 'সেনাপতি সাহেব, তোমার তলোয়ারও যেমন তোমার জিহ্বাও তেমনি, দুইই খরধার – যার উপর গিয়ে পড়ে তার একেবারে মর্মচ্ছেদ না করে ফেরে না।' – বক্তা কে ? বক্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ কর । ৪
- ৩৪। সংক্ষিপ্ত পরিচয় দাও : মধ্যম রাজকুমার ইন্দ্রকুমার । ৪
- ৩৫। যমক ও শ্লেষ অলঙ্কারের পার্থক্য নিরূপণ কর । ৪
- ৩৬। 'বংশীনাদে' কবিতা অবলম্বনে রাখার চিত্ত ব্যাকুলতার পরিচয় দাও । ৮
- ৩৭। রবীন্দ্রনাথ ঠাকুর 'পনেরো আনা' প্রবন্ধে কাদের 'পনেরো আনা' বলেছেন ? সংসারে এদের সার্থকতা বিষয়ে রবীন্দ্রনাথ ঠাকুরের অভিমত ব্যাখ্যা কর । ৮
- ৩৮। 'মেজদিদি' উপন্যাসের মেজদিদি চরিত্রটি আলোচনা কর । ৮